

# C. U. BENGALI (HONS.) QUESTION PAPERS — 2010

বাংলা—সাম্মানিক

প্রথম পত্র — ২০১০

পূর্ণমান — ১০০

(৫, ১০ এবং ১৫ মানের উত্তর যথাক্রমে অনধিক ১০০, ২০০ এবং ৩০০

শব্দের মধ্যে লিখতে হবে)

(বাংলা সাহিত্যের ইতিহাস)

১। বডুচণ্ডীদাসের 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের পুঁথি কে, কবে, কোথা থেকে আবিষ্কার করেন? 'চণ্ডীদাস সমস্যা'-র উল্লেখ করে কাব্যটির সাহিত্য মূল্য বিচার করো।

১+১+১+২+১০

অথবা, মধ্যযুগের বাংলা সাহিত্যে প্রধান অনুবাদ ধারাগুলির নাম উল্লেখ করো। বাংলায় রামায়ণের শ্রেষ্ঠ অনুবাদকের আবির্ভাবকাল ও পরিচয় সংক্ষেপে নির্দেশ করে তাঁর কাব্যের বিশিষ্টতা সম্পর্কে আলোচনা করো।

২+২+৩+৮

২। বাংলা গদ্য সাহিত্য বিকাশের ধারায় ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান আলোচনা করো। তাঁকে বাংলা গদ্যের প্রথম যথার্থ শিল্পী হিসাবে অভিহিত করা কতখানি যুক্তিযুক্ত, বিচার করো।

১০+৫

অথবা, পৌরাণিক নাটক রচনায় গিরিশচন্দ্রের কৃতিত্ব বিচার করো। তাঁকে 'বাংলা রঙ্গমঞ্চের জনক' বলা হয়ে থাকে কেন?

১২+৩

৩। বাংলা উপন্যাস সাহিত্যের ধারায় মানিক বন্দ্যোপাধ্যায়ের অবদান আলোচনা করো।

১৫

অথবা, বাংলা ছোটগল্পের ধারায় রবীন্দ্রনাথের অবদান কতখানি—আলোচনা করো।

১৫

৪। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও:

(ক) বাংলা চৈতন্যজীবনী কাব্যধারায় শ্রেষ্ঠত্বের শিরোপা কোন্ কাব্যের প্রাপ্য যুক্তিসহ তোমার মত আলোচনা করো।

১০

(খ) কবি বিহারীলালকে বাংলা গীতিকাব্যের 'ভোরের পাখি' বলার কারণগুলি সংক্ষেপে আলোচনা করো।

১০

(গ) সাহিত্যপত্র হিসাবে বঙ্গদর্শন ও ভারতী পত্রিকার গুরুত্ব বিচার করো।

১০

৫। প্রতিটি গুচ্ছ থেকে একটি করে যে-কোন তিনটি গ্রন্থের সংক্ষিপ্ত পরিচয় দাও :

৫+৫+৫

(গ্রন্থকারের নাম, কী জাতীয় গ্রন্থ, গ্রন্থের বিষয়বস্তু, তাৎপর্য ও ঐতিহাসিক গুরুত্ব নির্দেশ করতে হবে)

(ক) শ্রীকৃষ্ণবিজয়, লোরচন্দ্রানী, পারাগলি মহাভারত (খ) আলালের ঘরের দুলাল, সখবার একাদশী, পরিব্রাজক (গ) নবান্ন, চোখের বালি, বনলতা সেন

(বাংলা ভাষার ইতিহাস)

৬। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) বাংলাভাষার ইতিহাসের বিভিন্ন কালপর্ব চিহ্নিত করো। প্রাচীনযুগের বাংলা ভাষার প্রধান নিদর্শনগুলি উল্লেখ করে এই যুগের বাংলার তিনটি ধ্বনিতাত্ত্বিক ও তিনটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা কর। ৩+৩+৯

(খ) বাংলা শব্দভাণ্ডারের উপাদানগুলির শ্রেণীবিভাগ কীভাবে করা হয় একটি ছকের সাহায্যে দেখিয়ে উদাহরণসহ বাংলাভাষার 'মৌলিক' উপাদানের বৈচিত্র্য সম্পর্কে আলোচনা করো। ৩+১২

(গ) উপভাষা কাকে বলে? বাংলা ভাষার প্রধান উপভাষাগুলির নাম ও অঞ্চল সীমা নির্দেশ করে যে-কোন দুটি উপভাষার প্রধান ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করো। ২+২+৩+৪+৪

৭। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) উপযুক্ত উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করো (যে কোন তিনটি) ৫×৩  
সাদৃশ্য, সংকর শব্দ, সমীভবন, শ্রুতিধ্বনি, বর্ণবিপর্যয়, নাসিকীভবন।

(খ) যে-কোন পাঁচটি শব্দের ভাষাতাত্ত্বিক টীকা রচনা করো : ৩×৫  
মাটি, রোজা, দেউটি, ঘুঁটে, আমড়া, ডুমুর, ইঁদারা, ঝি, আস্তাবল, বাছুর।

দ্বিতীয় পত্র—২০১০

পূর্ণমান—১০০

(৫, ১০ এবং ১৫ মানের উত্তর যথাক্রমে অনধিক ১০০, ২০০ এবং ৩০০ শব্দের মধ্যে লিখতে হবে)

১। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) কোন কোন বৈশিষ্ট্যের দিকে লক্ষ রেখে একটি উপন্যাসকে সার্থক ঐতিহাসিক উপন্যাস বলা যায়? সেইসব বৈশিষ্ট্যের নিরিখে একটি বাংলা ঐতিহাসিক উপন্যাসের সার্থকতা বিচার করো। ৪+৬

(খ) যে-কোনো উপন্যাসেই সমাজচেতন্যের প্রতিফলন ঘটে। তবু বিশেষভাবে সামাজিক উপন্যাস হিসাবে অভিহিত হওয়ার জন্য কী ধরনের বিশেষত্ব প্রয়োজন? একটি উল্লেখযোগ্য বাংলা সামাজিক উপন্যাসের পরিচয় দিয়ে তার সার্থকতা নিরূপণ করো। ৪+৬